

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৮২

২/ রাসূলুল্লাহ الصلاة عن رسول الله عن رسول الله الله عن رسول الله عن رسول الله الله عن رسول الله عن رسول الله পরিচ্ছেদঃ ২১. মধ্যবর্তী নামায আসরের নামায। তা যুহরের নামায বলেও কথিত আছে

باب مَا جَاءَ فِي صَلاَةِ الْوُسْطَى أَنَّهَا الْعَصْرُ وَقَدْ قِيلَ إِنَّهَا الظُّهْرُ

## আরবী

حدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ سَعِيد، عَنْ قَتَادَةَ، عَنِ الْحَسَنِ، عَنْ سَمُرَةَ بْنِ جُنْدَب، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم أَنَّهُ قَالَ " صَلَاةُ الْوُسْطَى صَلَاةُ الْعُصْرِ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلِيٌ وَعَبْدِ اللَّهِ بْنِ مَسْعُود وَزَيْد بْنِ ثَابِت وَعَائِشَةَ وَحَفْصَةَ وَأَبِي هُرَيْرَةَ وَأَبِي هَاشِمِ بْنِ عُتُبَةً . قَالَ أَبُو عِيسَى قَالَ مُحَمَّدٌ قَالَ عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ حَدِيثُ الْحَسَنِ عَنْ سَمُرَةَ بْنِ جُنْدب حَديثٌ صَحِيحٌ وَقَدْ سَمِعَ مِنْهُ . وَقَالَ أَبُو عِيسَى حَديثُ سَمُرَةَ فِي صَلاَةٍ الْوُسْطَى حَديثُ سَمُرَةَ فِي صَلاَةِ اللهُ الْوُسْطَى حَديثٌ صَمِّن صَحيحٌ . وَهُو قَوْلُ أَكْثَرِ الْعُلَمَاءِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صلى الله عليه وسلم وَغَيْرِهِمْ . وَقَالَ زَيْدُ بْنُ ثَابِت وَعَائِشَةُ صَلَاةُ الْوُسْطَى صَلاَةُ الظُّهْرِ . وَقَالَ اللهُ عَمْر صَلاَةُ الْوُسْطَى صَلاَةُ الْوُسْطَى صَلاَةُ الْوُسْطَى صَلاَةُ الْوُسْطَى عَلَاهُ اللهُ عَبَّاسٍ وَابْنُ عُمَر صَلاَةُ الْوُسْطَى عَلَاهُ الصَبْحِ . حَدَّثَنَا أَبُو مُوسَى مُحَمَّدُ بْنُ سِيرِينَ سَلِ الْمُتَنِّى حَدَّثَنَا قُرَيْشُ بْنُ أَنَسٍ عَنْ حَبِيب بْنِ الشَّهِيدِ قَالَ قَالَ لِي مُحَمَّدُ بْنُ سِيرِينَ سَلِ الْمُتَنِّى مَنَّ سُمِعَ حَدِيثَ الْعُقِيقَةِ فَسَأَلْتُهُ فَقَالَ سَمِعْتُهُ مِنْ سَمُرَةَ بْنِ جُذْدِب . قَالَ أَبُو عَيسَى وَأَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْمُدِينِيِّ عَنْ قُرَيْشٍ بْنِ عِيسَى وَأَخْبُرَنِي مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا عَلِيُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْمُدِينِيِّ عَنْ قُرَيْشٍ بْنِ عِيسَى وَأَخْبَرَنِي مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ حَدَّثَنَا عَلِيُّ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْمُدينِي عَنْ قُرَيْشٍ بْنِ عَلْمَ الْمُونِ مِنْ سَمُرَةَ صَحَيحٍ . وَاحْتَجَّ أَلْسُ بِهِذَا الْحَدِيثِ . قَالَ مُحَمَّدٌ قَالَ عَلِيُّ وَسَمَاعُ الْحَسَنِ مِنْ سَمُرَةَ صَحَيحٍ . وَاحْتَجَّ بَعَدَالَ الْحَديث .

## বাংলা

১৮২। সামুরা ইবনু জুনদুব (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মধ্যবর্তী নামায হল আসরের নামায। —সহীহ। মিশকাত— (৬৩৪), মুসলিম।

আবু মূসা মুহাম্মাদ ইবনুল মুসান্না কুরাইশ ইবনু আনাস হতে, তিনি হাবীব ইবনু আনাস হতে বর্ণনা করেন যে,



তিনি (হাবীব) বলেন, মুহাম্মাদ ইবনু সীরন আমাকে বললেনঃ তুমি হাসানকে জিঞ্জেস কর তিনি আকীকাহ সংক্রান্ত হাদীসটি কার নিকট হতে শুনেছেন? ফলে আমি তাকে জিঞ্জেস করায় তিনি বললেন, আমি তা সামুরাহ ইবনু জুনদাবের নিকট শুনেছি।

আবু ঈসা বলেনঃ মুহাম্মাদ ইবনু ইসমাঈল আলী ইবনু আব্দুল্লাহ ইবনুল মাদীনী হতে তিনি কুরাইশ ইবনু আনাস এই সানাদে এ হাদীসটি আমাদের নিকট বর্ণনা করেছেন। মুহাম্মাদ (বুখারী) বলেনঃ 'আলী (ইবনুল মাদীনী) বলেছেন, সামুরাহর নিকট হতে হাসানের হাদীস শ্রবণের বিষয়টি সঠিক। উপরে বর্ণিত হাদীস দ্বারা তিনি এর প্রমাণ পেশ করেছেন।

এ অনুচ্ছেদে আলী, ইবনু মাসউদ, যাইদ ইবনু সাবিত, আইশা, হাফসা, আবু হুরাইরা ও আবু হাশিম ইবনু উতবা (রাঃ) হতে বর্ণিত হাদীসও রয়েছে। আবু ঈসা বলেনঃ মুহাম্মাদ (বুখারী) বলেছেন, আলী ইবনু আব্দুল্লাহ বলেছেন, সামুরার সুত্রে আল হাসান হতে বর্ণিত হাদিসটি সহীহ। তিনি (হাসান) তার নিকটে এ হাদীস শুনেছেন। আবু ঈসা বলেন- সামুরার হাদীসটি হাসান।

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বেশিরভাগ বিশেষজ্ঞ সাহাবা ও তাবিঈ আসরের নামাযকেই মধ্যবর্তী নামায বলেছেন। যাইদ ইবনু সাবিত (রাঃ) ও 'আয়িশাহ (রাঃ) যুহরের নামাযকে মধ্যবর্তী নামায বলেছেন। ইবনু আব্বাস (রাঃ) ও ইবনু উমার (রাঃ) ফযরের নামাযকে মধ্যবর্তী নামায বলেছেন। —সহীহ। বুখারী, দেখুন- (১৪৭৮)।

## **English**

Smurah bin Jundub narrated that : the Prophet said: "Salatul-wusta is the Asr prayer."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

这 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন